



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৪র্থ খন্ড)/২০১১/৪৩

তারিখ : ২০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
০৩ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৪৩ তম (জরুরি) কমিশন সভা অদ্য ০৩/০৫/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) কর্তৃক প্রস্তাবিত কৌশলগত বিনিয়োগকারী (Shenzhen Stock Exchange and Shanghai Stock Exchange) সংক্রান্ত প্রতিটি ১০ (দশ) টাকা অভিহিত মূল্যের ৪৫,০৯,৪৪,১২৫টি শেয়ার প্রতিটি ২১ (একুশ) টাকা মূল্যে “শেয়ার ক্রয় চুক্তিপত্র” (Share Purchase Agreement) কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে কমিশন কর্তৃক অনুমোদন করা হয়। শর্তগুলির মধ্যে অন্যতম হলোঃ

- (ক) এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সিকিউরিটিজ আইন ও দেশের প্রযোজ্য অন্যান্য আইনসহ এক্সচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ এবং ডিএসই’র ডিমিউচুয়ালাইজেশন স্কীম অনুযায়ী পরিপালন করতে হবে;
- (খ) এই চুক্তির বাস্তবায়ন প্রক্রিয়া চুক্তি স্বাক্ষরের পরবর্তী ১ (এক) বৎসরের মধ্যে সম্পন্ন করে কমিশনকে অবহিত করতে হবে; এবং
- (গ) কমিশনের পূর্ব-অনুমোদন ব্যতীত চুক্তির শর্তাবলী ও আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি পরিবর্তন করা যাবে না।


০৩/০৫/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।